

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

রাজস্ব ভবন

সেগুনবাগিচা, ঢাকা।

সাধারণ আদেশ

সাধারণ আদেশ নং-১০/২০০২/শুঙ্ক।

তারিখঃ ৩১/০১/১৪০৯ বাংলা।  
১০/০৫/২০০২ ইংরেজী।

বিষয়: আমদানি রপ্তানি দলিলাদিতে কাস্টমস কর্মকর্তার সনাক্তকরণ নম্বরসহ টেলিফোন এবং ফ্যাক্স নম্বর উল্লেখ প্রসঙ্গে।

সূত্র: বাংলাদেশ ব্যাংক-এর পত্র নং-বৈমুনিবি (প্রা:) রপ্তানি/৫১১/২০০২-৬০৪, তারিখ- ০৪/০৪/২০০২ ইং

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংক সূত্রোক্ত পত্রে জানিয়েছে, দেশে আমদানি-রপ্তানি সংক্রান্ত নানা প্রকার দুর্নীতি অস্বাভাবিক হারে বৃদ্ধি পেয়েছে। দেশ থেকে বৈদেশিক মুদ্রা পাচারে একটি দুষ্টি চক্র ভূয়া রপ্তানি ফরম/বিল অব লেডিং/ইনভয়েস/বিল অব এন্ট্রি থেকে শুরু করে ভূয়া শর্ট শিপমেন্ট সার্টিফিকেটের আশ্রয় নিচ্ছে। ফলে দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভে নেতিবাচক প্রভাব পড়ছে বলে বাংলাদেশ ব্যাংক জানিয়েছে।

০২। উল্লেখ্য অবৈধ পথে বৈদেশিক মুদ্রার লেনদেন প্রতিরোধে সরকার মানি লন্ডারিং এ্যাক্ট প্রনয়ন করেছে। এমতাবস্থায় অবৈধ পথে মূল্যবান মুদ্রা পাচার রোধে বাংলাদেশ ব্যাংকের প্রচেষ্টাকে সাফল্যমন্ডিত করার লক্ষ্যে নিম্নরূপ আদেশ প্রদান করা হল:

- (ক) সকল কাস্টম হাউস/স্থল শুঙ্ক স্টেশনে কর্মরত শুঙ্কায়ন কর্মকর্তাগণ, যারা রপ্তানি ফরম/বিল অব ল্যাডিং/ইনভয়েস/বিল অব এন্ট্রি এবং বিল অব এক্সপোর্ট/শর্ট শিপমেন্ট সার্টিফিকেট ইত্যাদি দলিলাদিতে স্বাক্ষর প্রদান করেন, তাদেরকে অবশ্যই স্বাক্ষরের নীচে স্বীয় দপ্তরের নাম, টেলিফোন নম্বর এবং ফ্যাক্স নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) উল্লেখ করতে হবে।
- (খ) উল্লিখিত দালিলাদির উন্মুক্ত/খালি স্থানে যথা সম্ভব সীল, ফ্যাক্স নম্বর, দপ্তরের নাম, কর্মকর্তার স্বাক্ষর প্রদান করতে হবে।
- (গ) ব্যবহৃত সীল স্পষ্ট হতে হবে যেন ফ্যাক্স নম্বর, দপ্তরের নাম সম্বলিত সীল কোন দলিলে ব্যবহৃত হলে তা স্পষ্ট বোঝা যায়।

০৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-

(মনযুর মান্নান)  
সদস্য (শুঙ্ক)